



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আতিউর রহমান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য শীমা আহমেদ। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এ কে এম শাহনেওয়াজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এনএসইউ'র মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক এস কে তৌফিক এম হক। এতে সভাপতিত্ব করেন এনএসইউ উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। এরপরেই বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের ভিডিও প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন এনএসইউ'র কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আব্দুর রব খান।